Division of Inclusive & Accessible Learning

# NYC পাবলিক স্কুলস্-এ বহুভাষিক শিক্ষা নিয়ে নতুন আঙ্গিকে পুনর্ভাবনা

মাল্টিলিঙ্গুয়াল NYC অ্যাডভাইজরি কাউন্সিল প্রদত্ত সংক্ষিপ্তসার প্রতিবেদন 2025

# ভূমিকা

নিউ ইয়র্ক সিটির মতো বহুসাংস্কৃতিক ও বহুভাষিক সিটিতে, আমাদের পাবলিক স্কুলের শিক্ষার্থীরা বহুভাষিকতা ও সাংস্কৃতিক সাবলীলতার মূল্য দেয়া হয় এবং প্রয়োজনীয় দক্ষতা হিসেবে বিবেচিত এমন এক পৃথিবীতে সাফল্য অর্জন করার জন্য অনন্যভাবে অবস্থিত। আমাদের 44%-এর বেশি শিক্ষার্থী বাড়িতে ইংরেজি ভিন্ন অন্য কোনও ভাষায় কথা বলে এবং আমাদের শিক্ষার্থীরা সমষ্টিগতভাবে 156-টির বেশি ভাষায় কথা বলে। আমাদের ক্লাসরুমগুলোতে সমগ্র পৃথিবী একত্রিত হয় এবং সেখানে গ্র্যাজুয়েটদের প্রস্তুত করার একটি অতুলনীয় সুযোগ রয়েছে; যারা বৈচিত্র্যময়তায় তাদের অভিজ্ঞতা অর্জনের ও উন্মোচিত হবার মাধ্যমে, একটি আন্তঃসম্পর্কযুক্ত পৃথিবীতে সফল হতে ও নেতৃত্ব দিতে সৃজনশীলতা, যোগাযোগ, সাংস্কৃতিক সংবেদনশীলতা, ও বৈশ্বিক সচেতনতা গড়ে তোলে, এবং আত্মবিশ্বাস ও স্থিরসংকল্পের সাথে ভবিষ্যতের রূপদান করে।

এই সামারি রিপোর্টটি পাঁচ বরো থেকে শিক্ষার্থী, পরিবার, শিক্ষাবিদ, স্কুল ও ডিস্ট্রিক্ট নেতৃবৃন্দ, এবং অ্যাডভোকেটদের (পক্ষাবলম্বনকারী) একটি বৈচিত্র্যময় দল নিয়ে গঠিত মাল্টিলিঙ্গুয়াল NYC অ্যাডভাইজরি কাউন্সিল অনুসন্ধানে প্রাপ্ত তথ্য ও সুপারিশমালার একটি উপরিচিত্র প্রদান করে। এই অ্যাডভাইজরি কাউন্সিলের বলিষ্ঠ কার্যসম্পাদনা আমাদের ইংরেজি ভাষা শিক্ষার্থীরা সফলতার জন্য প্রস্তুত তা নিশ্চিত করার পাশাপাশি নিউ ইয়র্ক সিটির (NYC) সকল পাবলিক স্কুল শিক্ষার্থীর জন্য বহুভাষিকতা ও বৈশ্বিক নেতৃত্বের পথ-পরিক্রমা সম্প্রসারিত করার অভিপ্রায়ে একটি পঞ্চ-বার্ষিক কৌশলগত পরিকল্পনার ভিত্তি-প্রস্থর স্থাপন করে। এছাড়াও এই কাজ পরিকল্পনাকে বাস্তবে রূপ দিতে প্রয়োজনীয় পক্ষাবলম্বন (অ্যাডভোকেসি) ও কমিউনিটি গড়ে তোলার জন্য একটি ভিত্তি স্থাপন করে।

একটি সম্পূর্ণ ও সমন্বিত প্রতিবেদন অ্যাডভাইজরি কাউন্সিলের কাজ ও সুপারিশসমূহকে NYCPS-এ বহুভাষিক শিক্ষার ঐতিহাসিক প্রাসঙ্গিকতা ও বর্তমান দৃশ্যপটে গভীরভাবে সংস্থাপিত করে এবং এই শিক্ষা বছর প্রকাশিত হবে।

## এক নজরে মুখ্য পরিভাষাসমূহ

এই প্রতিবেদন জুড়ে, আমরা নিম্নলিখিত পরিভাষাসমূহ ব্যবহার করেছি:

- **বাড়িতে ব্যবহৃত ভাষা** - একজন শিক্ষার্থী বাড়িতে যে প্রাথমিক ভাষায় কথা বলে। 2024-25 শিক্ষা বছরে, NYC পাবলিক স্কুলস্-এর প্রায় 44% শিক্ষার্থী বাড়িতে ইংরেজি ভিন্ন অন্য কোনও ভাষায় কথা বলেছে।
- **ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার)** - একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার), অথবা ELL হলো এমন একজন শিক্ষার্থী যার বাড়িতে ব্যবহৃত প্রাথমিক ভাষা ইংরেজি নয় এবং যে নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এ (NYSITELL) ইংরেজি ভাষায় দক্ষতার ক্ষেত্রে সুদক্ষ বা কমান্ডিং-এর নিচে স্কোর অর্জন করেছে। 2024-25 শিক্ষা বছরে NYCPS শিক্ষার্থীদের প্রায় 19% ছিল ELL।
- **বহুভাষী শিক্ষার্থী (মাল্টিলিঙ্গুয়াল লার্নার)** - বহুভাষী শিক্ষার্থী (মাল্টিলিঙ্গুয়াল লার্নার), অথবা ML-এ অন্তর্ভুক্ত রয়েছে সেসব শিক্ষার্থী যারা বর্তমানে ELL, একসময় ELL ছিল, অথবা কখনও ELL ছিল না তবে জন্মসূত্রে বা পরম্পরাগতভাবে ইংরেজি ভিন্ন অন্য একটি ভাষায় কথা বলে; এবং ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ-এর (বিশ্ব ভাষা) শিক্ষার্থীবৃন্দ। *দ্রষ্টব্য:* স্টেটের নীতির উল্লেখের ক্ষেত্র ছাড়া নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED) এবং NYCPS ইংরেজি ভাষা শিক্ষার্থীদেরকে (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, ELL) বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থী (মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স/ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, ML/ELL) হিসেবে উল্লেখ করে।
- **অভিবাসী (ইমিগ্র্যান্ট)** - একজন ব্যক্তি যে কোনও দেশে স্থায়ীভাবে বসবাসের জন্য দেশান্তরী হয়ে এসেছে। *দ্রষ্টব্য:* NYCPS K-12 শিক্ষার্থীদের বা পরিবারদের অভিবাসনগত অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) সম্পর্কে জিজ্ঞাসা করে না বা তথ্য সংগ্রহ করে না

# মাল্টিলিঙ্গুয়াল NYC অ্যাডভাইজরি কাউন্সিল

## কাউন্সিলের উপরিচিত্র এবং উদ্দেশ্য

অ্যাসপিরা কনসেন্ট ডিক্রি-এর 50 তম বার্ষিকীতে, NYCPS *বহুভাষিক শিক্ষা নিয়ে নতুন আঙ্গিকে পুনর্ভাবনা* করতে একটি কমিউনিটি-সঞ্জাত কৌশল গড়ে তোলার জন্য মাল্টিলিঙ্গুয়াল NYC অ্যাডভাইজরি কাউন্সিল শুরু করার ঘোষণা দিয়েছে। 375 জনের চেয়ে বেশি শিক্ষার্থী, পরিবার, শিক্ষাবিদ, এবং কমিউনিটির সদস্য একটি উন্মুক্ত আবেদন প্রক্রিয়ার মাধ্যমে অ্যাডভাইজরি কাউন্সিলে অংশগ্রহণ করতে আগ্রহ প্রকাশ করেছেন। যেসব ভাষায় কথা বলা হয়, বরো ও গ্রেড-স্তরের প্রতিনিধিত্ব, এবং বহুভাষিক ও অভিবাসী শিক্ষার্থীর অভিজ্ঞতার ব্যক্তিগত বা পেশাদারী জ্ঞান বিবেচনা করে আমাদের সিটির বৈচিত্র্যময়তাকে প্রতিফলন ঘটায় এমন একটি কাউন্সিল তৈরি করার লক্ষ্যে NYCPS-এর একটি 15-সদস্যের দল আবেদনপত্রগুলো পর্যালোচনা করেছে।

অ্যাডভাইজরি কাউন্সিলে পরিষেবা দেয়ার জন্য 50 জনের বেশি অ্যাডভাইজারের একটি চূড়ান্ত দল বেছে নেয়া হয়েছিল (মাল্টিলিঙ্গুয়াল NYC সাইটে অ্যাডভাইজরদের পুরো তালিকা দেখুন) এবং 2024-এর নভেম্বরে তাদের অন্তর্ভুক্তিকরণ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। অ্যাডভাইজারদেরকে তিনটি ভিন্ন বিষয়ের ক্ষেত্রে লক্ষ্যস্থিরকৃত সাবকমিটিতে নিযুক্ত করা হয়েছে: স্বাগত এবং অন্তর্ভুক্তিমূলক স্কুল, বহুভাষিকতায় পথ-পরিক্রমা, এবং বিশ্ব নেতৃবৃন্দ প্রস্তুত করা। প্রতিটি সাবকমিটিতে একজন NYCPS নেতা এবং অ্যাডভাইজরি কাউন্সিল থেকে একজন কমিউনিটি কো-চেয়ার (সহ-সভাপতি) যৌথভাবে নেতৃত্ব দিয়েছেন।

2024-এর ডিসেম্বর থেকে 2025-এর জুনের মধ্যে, অ্যাডভাইজরগণ তাদের সাবকমিটিগুলোর সাথে এবং সুনির্দিষ্ট বিষয়সমূহে লক্ষ্যস্থিরকৃত বিশেষ অধিবেশনসমূহের জন্য একটি পূর্ণ অ্যাডভাইজরি কাউন্সিল গ্রুপ হিসেবে মিলিত হয়েছেন। মিটিংগুলোতে অন্তর্ভুক্ত ছিল অফিস অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স এবং NYCPS-এর অন্যান্য অফিসের সদস্যবৃন্দ সহ বিভিন্ন স্বার্থসংশ্লিষ্টদের উপস্থাপনা, ব্রেকআউট রুমে আলোচনা, এবং বিভিন্ন সুপারিশ পর্যালোচনা ও তৈরির জন্য সহযোগিতামূলক কার্য সময়।

## অ্যাডভাইজরি কাউন্সিলের অনুসন্ধানে প্রাপ্ত তথ্য

অ্যাডভাইজরগণ আট মাস ধরে কাজ করার সময়, NYCPS-এ বহুভাষিক শিক্ষার জটিলতার সম্মুখীন হয়েছেন এবং তাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা ও পেশাদারী দক্ষতা ব্যবহার করে বৈচিত্র্যময় দৃষ্টিভঙ্গি শেয়ার করেছেন। তারা বর্তমান অবস্থার উপাত্ত বা ড্যাটা পর্যালোচনা করেছেন, কঠিন প্রশ্নাবলী জিজ্ঞাসা করেছেন, এবং পুনরাবৃত্তিমূলক আলোচনায় সম্পৃক্ত হয়েছে। এই প্রক্রিয়ার মাধ্যমে, অ্যাডভাইজারগণ নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ (NYCPS) নতুন আঙ্গিকে বহুভাষিক শিক্ষা নিয়ে পুনর্ভাবনা করার কাজে বিভিন্ন সুস্পষ্ট চ্যালেঞ্জ ও সুযোগ শনাক্ত করেছেন। অনুসন্ধানে প্রাপ্ত তথ্যসমূহের একটি সংক্ষিপ্তসার নিচে দেয়া হলো এবং পূর্ণাঙ্গ রিপোর্টটি আরও ব্যাখ্যা করা হয়েছে।





## অনুসন্ধানে প্রাপ্ত মুখ্য তথ্যসমূহ

- **মানসম্পন্ন প্রোগ্রামসমূহে অংশগ্রহণের সুযোগ:** NYCPS-এ ডিস্ট্রিক্ট জুড়ে উচ্চ-মানসম্পন্ন বাইলিঙ্গুয়াল এডুকেশন প্রোগ্রামসমূহ (এতে অন্তর্ভুক্ত ডুয়েল ল্যাঙ্গুয়েজ ও ট্র্যানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন), ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL) অনলি (স্বতন্ত্র) প্রোগ্রাম, এবং ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ ও হেরিটেজ ল্যাঙ্গুয়েজ কোর্সের বিকল্পগুলোতে ELL-দের জন্য সীমিত শিক্ষা-নির্দেশনামূলক উপকরণ ও তথ্য-সংস্থানে ঘাটতি সহ অসম সুযোগের সম্মুখীন হয়।
- **অন্তর্ভুক্তিমূলক স্কুল:** বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থী ও পরিবারদের অভিবাসনগত অবস্থা[1] যাই হোক না কেন বহু স্কুল তাদের জটিল চাহিদাসমূহ সম্পূর্ণভাবে পূরণ করতে হিমশিম খায়, যদিও ড্রিম স্কোয়াডস্ এবং প্রজেক্ট ওপেন আর্মস্-এর মতো প্রোগ্রাম ও উদ্যোগগুলো কার্যকর, অন্তর্ভুক্তিমূলক চর্চাসমূহ তুলে ধরে।
- **শিক্ষক স্বল্পতা:** NYCPS-এ বাইলিঙ্গুয়াল (দ্বিভাষিক) ও ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ (বিশ্ব ভাষা) বিষয়ক শিক্ষক স্বল্পতা লেগেই আছে, এবং ELL-দেরকে পরিষেবা দেয়ার জন্য সকল শিক্ষককে প্রস্তুত করতে শিক্ষক-প্রস্তুতি, বহুভাষী শিক্ষাবিদ নিয়োগদান, ও পেশাদার শিক্ষা অর্জনের জন্য একটি সুসঙ্গত কৌশল প্রয়োজন।
- **পরিবারের সম্পৃক্ততা:** ভাষাগত সহায়তার বিভিন্ন তথ্য-সংস্থান সম্প্রসারণ হওয়া স্বত্বেও, ভাষাগত বাঁধা ও বিভিন্ন ভবন অভিগম্য না হবার ফলে পরিবারদেরকে তাদের সন্তানের শিক্ষায় অ্যাডভোকেট (পক্ষাবলম্বনকারী) ও সিদ্ধান্ত-গ্রহণকারী হিসেবে একজন সত্যিকারের অংশীদার হবার সক্ষমতা সীমিত করে।
- **কলেজ এবং পেশা-জীবনের জন্য প্রস্তুতি:** অ্যাডভান্সড কোর্স, কর্ম-ভিত্তিক শিক্ষা অর্জন, ও সীল অভ বাইলিটারেসি-তে প্রতিবন্ধকতা বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থীদেরকে দীর্ঘ-মেয়াদী শিক্ষায়তনিক সাফল্য, আর্থিক স্থিতিশীলতা, ও ক্যারিয়ারে উন্নতিতে সহায়তাকারী বিভিন্ন দক্ষতা, ক্রেডেনশিয়াল, ও সুযোগ পুরোপুরি অর্জনে বাঁধা সৃষ্টি করে।

## অনুসন্ধানে প্রাপ্ত তথ্যের মাঝে থিম বা প্রতিপাদ্য

NYCPS-এ বহুভাষিক শিক্ষা নিয়ে নতুন আঙ্গিকে পুনর্ভাবনায় একটি কৌশলগত পরিকল্পনার বাস্তবায়নে সহায়তা করার লক্ষ্যে বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থী ও পরিবারদের জন্য অগ্রগতি ও ইতিবাচক প্রভাব নিশ্চিত করতে অনুসন্ধানে প্রাপ্ত বিভিন্ন তথ্য জুড়ে চারটি থিম বা প্রতিপাদ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সক্ষমতাকারী হিসেবে আবির্ভূত হয়েছে।

- দ্বিভাষিক শিক্ষা (বাইলিঙ্গুয়াল এডুকেশন) এবং নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL) প্রোগ্রাম ডিজাইন, প্রদান, ও চলমান রাখতে **মান ও সুযোগের উপর সিস্টেমব্যাপী সুস্পষ্ট মান নির্ধারণ করা**।
- পরিবারদেরকে তাদের সন্তানকে প্রভাবিত করে এমন প্রোগ্রাম ও নীতিমালা বুঝতে সহায়তা করতে এবং তাদের সন্তানের শিক্ষায় প্রকৃত অংশীদার হিসেবে ক্ষমতায়িত করার জন্য **উপাত্ত ও তথ্য দেখতে পাবার সুযোগ বৃদ্ধি করা**।
- NYCPS-এর বড় বড় উদ্যোগে বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থীদের জন্য ন্যায়সঙ্গত ফলাফল অর্জনে সহায়তা করতে **বিভিন্ন তথ্য-সংস্থান ও অর্থায়নে অগ্রাধিকার প্রদান**।

[1] NYCPS K-12 শিক্ষার্থীদের বা পরিবারদের অভিবাসনগত অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) সম্পর্কে জিজ্ঞাসা করে না বা তথ্য সংগ্রহ করে না

- কখনও ELL ছিল বা আছে এমন শিক্ষার্থীদের সাথে কখনও ELL ছিল না এমন সহপাঠীদের সফলতার তুলনার প্রমাণ অনুযায়ী **একটি অন্তর্নিহিত সম্ভাবনা ভিত্তিক মানসিকতা গ্রহণ করা**, যা বহুভাষী (মাল্টিলিঙ্গুয়াল) শিক্ষার্থীদের মেধা ও সম্ভাবনাকে স্বীকৃতি দেয়।

## অগ্রাধিকারসমূহ

এসব অনুসন্ধানে প্রাপ্ত তথ্য থেকে, এই প্রতিবেদনটি পাঁচটি মুখ্য অগ্রাধিকার প্রতিষ্ঠিত করে। একত্রে, এই অগ্রাধিকারগুলো আমাদের স্কুলগুলোর বহুভাষী (মাল্টিলিঙ্গুয়াল) ও অভিবাসী (ইমিগ্র্যান্ট) শিক্ষার্থী ও পরিবারদের প্রতি আমাদের প্রতিশ্রুতি তুলে ধরে এবং NYCPS-এর জন্য বহুভাষিক শিক্ষা নিয়ে নতুন আঙ্গিকে পুনর্ভাবনা করার পরিকল্পনায় অন্তর্ভুক্তি, সুযোগ, ও উৎকর্ষ গাঁথা আছে তা নিশ্চিত করতে একটি রূপরেখা প্রদান করে।

- অগ্রাধিকার 1: ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) জন্য ন্যায়সঙ্গত সুযোগ সহ বহুভাষিকতার বিভিন্ন উচ্চ মানসম্পন্ন পথ-পরিক্রমা প্রতিষ্ঠা করা
- অগ্রাধিকার 2: একটি সাংস্কৃতিকভাবে ও ভাষাগতভাবে সংবেদনশীল কর্মশক্তি শক্তিশালী করা ও সম্প্রসারণ করা
- অগ্রাধিকার 3: বহুভাষী (মাল্টিলিঙ্গুয়াল) ও অভিবাসী (ইমিগ্র্যান্ট) শিক্ষার্থী ও পরিবারদের জন্য অন্তর্ভুক্তি ও একাত্মতার একটি সংস্কৃতি অগ্রসর করা
- অগ্রাধিকার 4: বহুভাষী (মাল্টিলিঙ্গুয়াল) ও অভিবাসী (ইমিগ্র্যান্ট) পরিবার এবং কমিউনিটির নেতৃত্ব ও অ্যাডভোকেসি (পক্ষাবলম্বন) লালন করা
- অগ্রাধিকার 5: কলেজ, পেশাজীবন, এবং নাগরিক হিসেবে প্রস্তুতির জন্য বহুভাষিকতাকে একটি মৌলিক দক্ষতা হিসেবে স্বীকৃতি দেয়া

# সুপারিশমালা

**অগ্রাধিকার 1: ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) জন্য ন্যায়সঙ্গত সুযোগ সহ বহুভাষিকতার বিভিন্ন উচ্চ মানসম্পন্ন পথ-পরিক্রমা প্রতিষ্ঠা করা**

### 1.1 দ্বিভাষিক (বাইলিঙ্গুয়াল) প্রোগ্রামের লভ্যতা ও মান উন্নয়ন

1.1a সকল ডিস্ট্রিক্টের গ্রেড স্তর জুড়ে ডুয়েল ল্যাঙ্গুয়েজ বাইলিঙ্গুয়াল এডুকেশন (দ্বৈত ভাষায় দ্বিভাষিক শিক্ষা) প্রোগ্রাম সহ উচ্চ-মানসম্পন্ন বাইলিঙ্গুয়াল এডুকেশন প্রোগ্রামসমূহের লভ্যতা বৃদ্ধি করতে এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) জন্য সুযোগ বৃদ্ধি করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা উচিত।

1.1b সকল বাইলিঙ্গুয়াল এডুকেশন (দ্বিভাষিক শিক্ষা) প্রোগ্রামের উচ্চ-মানসম্পন্ন পাঠ্যক্রম ও প্রোগ্রামের ভাষায় বিভিন্ন উপকরণ পাবার বর্ধিত সুযোগ থাকে তা নিশ্চিত করতে NYCPS-এর কেন্দ্রীয়ভাবে এবং ডিস্ট্রিক্ট ও স্কুলগুলোর সাথে কাজ করা উচিত।

1.1c সকল বাইলিঙ্গুয়াল এডুকেশন প্রোগ্রামের শিক্ষা-নির্দেশনার ফলাফলে অগ্রগতি ও বিকাশ পর্যবেক্ষণ করতে এবং প্রোগ্রামের উভয় ভাষায় পড়া বা রিডিংয়ে পিছিয়ে পরার পূর্বাভাস দেয়ার জন্য ইংরেজি ও অংশীদার ভাষায় শিক্ষার্থীদের জন্য স্ক্রিনার (যাচাইকারক) ব্যবহারের বর্ধিত সুযোগ রয়েছে তা নিশ্চিত করতে NYCPS-এর কেন্দ্রীয়ভাবে এবং ডিস্ট্রিক্ট ও স্কুলগুলোর সাথে কাজ করা উচিত।

### 1.2 ENL প্রোগ্রামে উন্নতি সাধন

1.2a সকল স্কুলের ENL দ্বৈত সহ-শিক্ষকতা (কো-টিচিং পেয়ার) যথাযথভাবে প্রোগ্রাম করার নির্দেশনা অনুযায়ী অত্যন্ত কার্যকর সমন্বিত ENL সহ-শিক্ষকতা বাস্তবায়ন করা, বরাবরের মতো ও পর্যাপ্ত সহ-পরিকল্পনার সময়ের জন্য সময়সূচি করা, এবং একসাথে পেশাদার শিক্ষায় অংশগ্রহণ করার জন্য শিক্ষক দুজনের সহ-উপস্থিতিতে অগ্রাধিকার দেয়া উচিত।

1.2b K-12 গ্রেডে স্বতন্ত্র নতুন ভাষা হিসেবে ইংরেজিতে (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ) শিক্ষা-নির্দেশনামূলক উপাদান প্রদানের জন্য, নিবেদিত, গ্রেড-স্তর অনুযায়ী উপযুক্ত ইংরেজি ভাষা উন্নয়ন (ইংলিশ ল্যাঙ্গুয়েজ ডেভেলপমেন্ট, ELD) পাঠ্যক্রম অন্তর্ভুক্ত করার জন্য NYCPS-এর মূল পাঠ্যক্রম সম্প্রসারণ করা উচিত।

### 1.3 ওয়ার্ল্ড এবং হেরিটেজ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম উন্নয়ন এবং লভ্যতা বৃদ্ধি

1.3a স্কুল ও ডিস্ট্রিক্টগুলোর বিভিন্ন ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ ও হেরিটেজ ল্যাঙ্গুয়েজ কোর্সে অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি করা উচিত।

1.3b NYCPS-এর ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ এবং হেরিটেজ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের জন্য মান-সামঞ্জস্যকৃত মূল পাঠ্যক্রম বাছাই ও সহায়তা দেয়া উচিত।

### 1.4 বিভিন্ন ELL প্রোগ্রাম ও পরিষেবার উন্নতি সাধনে সিস্টেমব্যাপী পদক্ষেপসমূহ

1.4a বর্তমান NYCPS শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়নের (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং) ফর্মূলার অধীনে NYCPS-এর ELL-দের জন্য বর্তমান অর্থায়নের মাপকাঠির একটি ব্যয় ভিত্তিক গবেষণামুলক বিশ্লেষণ পরিচালনা করা উচিত।

1.4b NYCPS-এর উচিত NYCPS-এ বাইলিঙ্গুয়াল এডুকেশন প্রোগ্রামগুলোর উপকারিতার উপর একটি ক্রমবর্ধমান উপাত্ত ভিত্তিক গবেষণা পরিচালনা এবং সেসব উপকারিতা অর্জনে প্রয়োজনীয় প্রোগ্রামের মান সংক্রান্ত প্রধান নির্দেশকগুলো চিহ্নিত করা।

1.4c NYCPS-এর সকল ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার প্রোগ্রাম সম্পর্কে জনসাধারণের কাছে ড্যাটা বা উপাত্ত প্রতিবেদন সম্প্রসারণ করা এবং পরিবার, কমিউনিটির সদস্য, ও নীতিনির্ধারকদের জন্য অভিগম্য একটি ব্যবহার-বান্ধব বহুভাষিক বিন্যাসে তথ্যের লভ্যতা নিশ্চিত করা উচিত।

## অগ্রাধিকার 2: কর্মশক্তিকে সাংস্কৃতিকভাবে ও ভাষাগতভাবে সংবেদনশীল হিসেবে শক্তিশালী ও সম্প্রসারিত করা

2.1 NYCPS-এর বাইলিঙ্গুয়াল এডুকেশন, ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, এবং ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজে-এ কাজ করার জন্য সনদপ্রাপ্ত শিক্ষাবিদদের নিয়োগ বৃদ্ধি ও বৈচিত্র্যময় করার জন্য নিজেদের মধ্য থেকে শিক্ষক তৈরি এবং অন্যান্য নিয়োগ কর্মসূচিতে আর্থিক ও প্রোগ্রাম-ভিত্তিক বিনিয়োগ জোরদার করা উচিত।

2.2 NYCPS-এর ফিউচাররেডিএনওয়াইসি (FutureReadyNYC)-এর শিক্ষার পথ-পরিক্রমার অংশ হিসেবে বহুভাষী শিক্ষার্থীদের জন্য বলিষ্ঠ, সিটি-ব্যাপী দ্বিভাষিক, ENL, এবং ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ বিষয়ে শিক্ষকতার পেশার পথ-পরিক্রমা গড়ে তোলা উচিত।

2.3 NYCPS-এর বাইলিঙ্গুয়াল, ENL, এবং ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের জন্য বর্তমান ও প্রত্যাশিত কর্মশক্তির চাহিদার উপাত্ত বা ড্যাটা সংগ্রহ ও বিশ্লেষণ সম্প্রসারণ করা উচিত।

2.4 NYCPS এবং উচ্চতর শিক্ষার প্রতিষ্ঠানসমূহ (ইন্সটিটিউটস্ অভ হায়ার এডুকেশন, IHEs)-এর এটা নিশ্চিত করতে একসাথে কাজ করতে হবে যে শিক্ষক প্রস্তুতির প্রোগ্রামগুলো NYCPS শিক্ষার্থীদের এবং যে স্কুল ডিস্ট্রিক্টগুলো তাদেরকে পরিষেবা প্রদান করে সেগুলোর বৈচিত্র্যময় ও বহুভাষিক চাহিদাসমূহের সাথে সামঞ্জস্যকৃত।

2.5 সকল শিক্ষক ও স্কুল নেতৃবৃন্দের প্রতিটি গ্রেড স্তরে অন্তর্ভুক্তিমূলক ও ইতিবাচক পরিবেশ নিশ্চিত করে, অভিবাসনগত অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) নির্বিশেষে, ইংরেজি ভাষা শিক্ষার্থী ও অভিবাসী শিক্ষার্থীদের শিক্ষায়তনিক, সামাজিক-আবেগজনিত, ও ভাষাগত চাহিদায় সহায়তা দিতে বিভিন্ন প্রশিক্ষণ ও উপকরণ পাওয়া উচিত।

2.6 সকল স্কুলের নীতি বাস্তবায়নে এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) শিক্ষায়তনিক অর্জনে সহায়তা ও তত্ত্বাবধানের জন্য একজন ELL কোঅর্ডিনেটর শনাক্ত করা উচিত।

2.7 সকল শিক্ষাবিদের জন্য ML/ELL-দের প্রতি লক্ষ্যস্থিরকৃত কন্টিনিউইং টিচার অ্যান্ড লিডার এডুকেশন (CTLE) আনুষ্ঠানিক রূপ দেয়ার জন্য NYCPS, ইন্সটিটিউটস্ অভ হায়ার এডুকেশন (IHEs), এবং ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স-এর একসাথে কাজ করা উচিত।

## অগ্রাধিকার 3: বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থী ও পরিবারদের জন্য অন্তর্ভুক্তি ও একাত্মতার সংস্কৃতি অগ্রসর করা

3.1 বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থী ও পরিবারদের বিভিন্ন চাহিদা পূরণ করতে কমিউনিটি-ভিত্তিক সংগঠনসমূহের সাথে অংশীদারিত্বের জন্য প্রতিটি ডিস্ট্রিক্টের তাদের স্কুলগুলোকে বিভিন্ন তথ্য, প্রশিক্ষণ, ও সহায়তা প্রদান করা উচিত।

3.2 প্রতিটি স্কুলের শিক্ষাবিদ ও স্টাফদের একটি স্কুল-ভিত্তিক টিম থাকা উচিত যারা বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থী এবং তাদের পরিবারদের জন্য অ্যাডভোকেট (পক্ষাবলম্বনকারী) হিসেবে কাজ করার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত, এতে অন্তর্ভুক্ত ডিস্ট্রিক্ট ও সেন্ট্রাল অফিসগুলোর সাথে যোগাযোগ রক্ষার জন্য একজন মনোনীত সমন্বয়ক (কোঅর্ডিনেটর)।

3.3 NYCPS-এর কমিউনিটির মতামত নিয়ে সাংস্কৃতিকভাবে ও ভাষাগতভাবে সংবেদনশীল পাঠ্যক্রমে বিনিয়োগ করা ও অংশগ্রহণে সুযোগ বৃদ্ধি অব্যাহত রাখা উচিত।

3.4 ক্লাসরুম ও লাইব্রেরির উপকরণসমূহে শিক্ষার্থী ও পরিবারদের বহুবিধ পরিচয় ও ভাষার প্রতিনিধিত্ব আছে তা নিশ্চিত করতে সকল স্কুলের বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা উচিত।

3.5 সকল স্কুলের বিভিন্ন স্থান এমনভাবে পরিকল্পনা ও ডিজাইন করা উচিত যা বহুভাষী এবং অভিবাসী পরিবারদের জন্য স্বাগতমূলক ও অন্তর্ভুক্তিমূলক (যেমন, কেয়ার ক্লজেট, সাইন, ওয়েলকাম সেন্টার, ফ্যামিলি রুম ইত্যাদি)।

## অগ্রাধিকার 4: বহুভাষী (মাল্টিলিঙ্গুয়াল) ও অভিবাসী (ইমিগ্র্যান্ট) পরিবার এবং কমিউনিটির নেতৃত্ব ও অ্যাডভোকেসি (পক্ষাবলম্বন) লালন করা

4.1 বহুভাষী ও অভিবাসী পরিবারদের সিটিওয়াইড ও কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলোর নেতৃত্বে ও সিদ্ধান্ত-গ্রহণে সক্রিয় প্রতিনিধিত্ব থাকে ও সম্পৃক্ত হয় এবং স্কুল-পর্যায়ের সিদ্ধান্ত-গ্রহণে অংশগ্রহণ করায় সহায়তাপ্রাপ্ত হয় তা নিশ্চিত করতে NYCPS-এর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করতে হবে।

4.2 সকল সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলের সদস্যদের বহুভাষী ও অভিবাসী পরিবারদের জন্য বিভিন্ন তথ্য-সংস্থানের উপর এবং বহুভাষিকতার পথ-পরিক্রমায় কীভাবে সহায়তা দিতে হয় সেবিষয়ে প্রশিক্ষণ নেয়া উচিত।

4.3 সকল প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (PTAs), স্কুল লিডারশিপ টিম (SLTs), ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (DLTs), এবং আর্লি চাইল্ডহুড এডুকেশনে সহায়তাকারী প্যারেন্ট কাউন্সিলগুলোর বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থী ও পরিবারদের জন্য বিভিন্ন তথ্য-সংস্থান সম্পর্কে প্রশিক্ষণ ও সহায়তা লাভ করা উচিত, এতে অন্তর্ভুক্ত বহুভাষী ও অভিবাসী পরিবারদের জন্য গভীরতর স্কুল-পরিবারে মাঝে অংশীদারিত্ব গড়ে তুলতে ও নেতৃত্বের বিভিন্ন সুযোগ সৃষ্টি করতে দোভাষী পরিষেবাসমূহ।

## অগ্রাধিকার 5: কলেজ, পেশাজীবন, এবং নাগরিক হিসেবে প্রস্তুতির জন্য বহুভাষিকতাকে একটি মৌলিক দক্ষতা হিসেবে স্বীকৃতি দেয়া

5.1 সকল হাই স্কুলের নিউ ইয়র্ক স্টেট সিল অভ বাইলিটারেসি (NYSSB) অফার করা উচিত।

5.2 যেসব NYCPS যেসব হাই স্কুল গ্র্যাজুয়েট NYSSB অর্জন করেছে তাদেরকে কলেজ ক্রেডিট প্রদান করতে NYCPS-এর ইন্সটিটিউটস্ অভ হায়ার এডুকেশন-এর সাথে অংশীদারিত্ব বৃদ্ধি করা উচিত।

5.3 সকল হাই স্কুলের বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থীদের জন্য ক্রেডিট-বহনকারী দ্বৈত এনরোলমেন্টের সুযোগের উপর গুরুত্ব প্রদান করে আর্লি কলেজ ক্রেডিট অর্জনের সুযোগ বৃদ্ধি করা উচিত।

5.4 NYCPS-এর বহুভাষিকতা ও বৈশ্বিক নেতৃত্বের শক্তিকে তুলে ধরে এমন শিক্ষার্থী নেতৃত্বের প্রোগ্রামসমূহ সম্প্রসারণ করা উচিত।

5.5 সকল হাই স্কুলের ক্যারিয়ার-সংযুক্ত শিক্ষা-নির্দেশনা, কর্ম-ভিত্তিক শেখার অভিজ্ঞতা, মেন্টরশিপ, এবং নেটওয়ার্কিংয়ের বিভিন্ন সুযোগে বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থীদের অংশগ্রহণ সম্প্রসারিত করা উচিত।

5.6 পোর্ট্রেট অভ দ্য গ্র্যাজুয়েট বাস্তবায়নে বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা ও সাংস্কৃতিক সাবলীলতা সহ তারা যেবিষয়ে ভালো সেগুলো বিবেচনায় নিয়ে দক্ষতা প্রদর্শনের সংজ্ঞা ও প্রক্রিয়া অন্তর্ভুক্ত আছে NYCPS-এর তা নিশ্চিত করা উচিত।

# ভবিষ্যৎ পরিকল্পনা

অ্যাডভাইজরি কাউন্সিল এবং বৃহত্তর কমিউনিটির সাথে অব্যাহত অংশীদারিত্বে, NYCPS এই সুপারিশগুলো স্থায়ী পরিবর্তন হিসেবে রূপান্তরিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের বহুভাষী ও অভিবাসী শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা ও আন্তঃ-সাংস্কৃতিক সাবলীলতাকে উদ্‌যাপন করা এবং এর উপর গড়ে তোলার—এবং সকলের জন্য এসব সামর্থ্য লালন করার—মাধ্যমে আমরা মাল্টিলিঙ্গুয়াল এডুকেশন (বহুভাষী শিক্ষা) এবং স্বাগতমূলক, অন্তর্ভুক্তিমূলক স্কুলসমূহের জন্য একটি জাতীয় মান ধার্য করবো যেখানে শিক্ষার্থীরা উদ্দেশ্য ও একাত্মতার এক অনুভূতি অনুভব করে, তাদের পরিচয়ে গর্ব বোধ করে, এবং তাদের কমিউনিটি ও পৃথিবীতে নেতৃত্ব দেয়া, অবদান রাখা, ও সাফল্য অর্জন করার জন্য প্রস্তুত হয়ে গ্র্যাজুয়েট হয়।

NYCPS মাল্টিলিঙ্গুয়াল NYC ওয়েবপেজে সম্পূর্ণ প্রতিবেদনটি পড়ুন এবং অ্যাডভাইজরি কাউন্সিলের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য NYCPS-এর প্রচেষ্টাসমূহ সম্পর্কে আরও তথ্য খুঁজে নিন।

# কৃতজ্ঞতা স্বীকার

**2025 অ্যাডভাইজরি কাউন্সিলের চেয়ার বা সভাপতিগণ**

- ডক্টর ব্রেন্ডা গার্সিয়া (Brenda Garcia) - চিফ অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স, NYCPS
- লুইস জেনকিন্স (Lois Jenkins), ডিরেক্টর অভ ML/ELL কলেজ রেডিনেস, NYCPS
- মৌমিতা জামান (Moumita Zaman) - অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ মাল্টিলিঙ্গুয়াল অ্যান্ড ইমিগ্র্যান্ট ক্যাপাসিটি বিল্ডিং, NYCPS
- আরলেন বেঞ্জামিন-গোমেজ (Arlen Benjamin-Gomez) - পিতামাতা/অভিভাবক, এক্সিকিউটিভ ডিরেক্টর, এডট্রাস্ট (EdTrust) - নিউ ইয়র্ক
- ডক্টর ক্রিস্টি ডে লা ক্রুজ (Dr. Kristy De La Cruz) - সুপারিনটেনডেন্ট, কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 4
- লারা ইভ্যানজেলিস্টা (Lara Evangelista) - এক্সিকিউটিভ ডিরেক্টর, ইন্টারন্যাশনালস্ নেটওয়ার্ক ফর পাবলিক স্কুলস্

**2025 অ্যাডভাইজরি কাউন্সিলের সদস্যবৃন্দ**

- আফসানা হক (Afsana Haque) - পিতামাতা/অভিভাবক, P.S. X014 Senator John Calandra
- অ্যালান চেং (Alan Cheng) - সুপারিনটেনডেন্ট, কনসোর্টিয়াম, ইন্টারন্যাশনাল, NYC আউটওয়ার্ড বাউন্ড স্কুলস্
- আলফনসো গুজম্যান (Alfonso Guzman) - ডিরেক্টর, প্যারেন্ট অ্যান্ড ফ্যামিলি এনগেজমেন্ট, ইনক্লুডএনওয়াইসি (INCLUDEnyc)
- অ্যামেরিয়া অ্যালেইন (Ameria Alleyne) - পিতামাতা/অভিভাবক, অ্যাডভোকেট, গুড শেফার্ড সার্ভিসেস
- আমেরিকা ক্যানাস্ গার্সিয়া (América Cañas Garcia) - পিতামাতা/অভিভাবক, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, ইউনাইটেড ওয়ে অভ নিউ ইয়র্ক সিটি
- কারমেন ডিয়াজ-মালভিডো (Carmen Diaz-Malvido) - CEO, ASPIRA অভ নিউ ইয়র্ক, ইনক্
- ডক্টর চ্যান্ডলার প্যাটন মিরান্ডা (Dr. Chandler Patton Miranda) - পিতামাতা/অভিভাবক, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, এডুকেশনাল লিডারশিপ ফর ডাইভার্স লার্নিং কমিউনিটিজ, মলয় ইউনিভার্সিটি
- ডক্টর ডারলিং জেমস মিরামে (Dr. Darling James Miramey) - পিতামাতা/অভিভাবক, মাল্টিলিঙ্গুয়াল NYC - দ্যা পার্টনারশিপ ফর মাল্টিলিঙ্গুয়াল এডুকেশন ইন NYC
- ডমিনিকা ম্যাকপার্টল্যান্ড (Dominika McPartland) - ট্রান্সফার স্কুলস্ ML/ELL সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেটর, হান্টার কলেজ (CUNY) TESOL অ্যাডজাংক্ট লেকচারার, NYSABE পোলিশ ল্যাঙ্গুয়েজ ডেলিগেট
- এডওয়ার্ড হেরেরা (Edward Herrera) - বাইলিঙ্গুয়াল স্কুল সাইকোলজিস্ট, P.S. 177 The Marlboro
- এমিলিয়া ফিয়ালো (Emilia Fiallo) - আনডকুটিচার (UndocuTeacher)-এর প্রতিষ্ঠাতা
- এরিকা আবেলন (Erika Abelon) - ডিরেক্টর অভ স্ট্র্যাটেজিক ইনিশিয়েটিভস্, অফিস অভ ইউনিভার্সিটি ডিন ফর এডুকেশন, CUNY
- এরাম হানিফ (Erum Hanif) - CEO এবং বোর্ড সদস্য, APNA ব্রুকলিন কমিউনিটি সেন্টার
- ডক্টর ফ্যাবিয়েন ড্যুসে (Dr. Fabienne Doucet) - এক্সিকিউটিভ ডিরেক্টর, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি মেট্রোপলিটান সেন্টার
- গেইজার রড্রিগেজ (Geyser Rodriguez) - শিক্ষক, ইস্ট ব্রংক্স অ্যাকাডেমি ফর দ্য ফিউচার
- হানান ফাহমি (Hanan Fahmy) - অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, P.S. 206 Joseph F Lamb
- ইশরাত নালি (Israt Nali) - অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, P.S. 214 Michael Friedsam
- ডক্টর জো অ্যান বেনোয়া (Dr. Jo Ann Benoit) - এক্সিকিউটিভ ডিরেক্টর অভ স্কুল সাপোর্ট অ্যান্ড অপারেশন্স, কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 28
- জন সুলিভান (John Sullivan) - সুপারিনটেনডেন্ট, ট্রান্সফার স্কুলস্ ডিস্ট্রিক্ট
- হুয়ান কামিলো ট্রেসপালাসিওস (Juan Camilo Trespalacios) - শিক্ষক, P.S. 044 Thomas C. Brown
- জুভানে পিকোয়্যান্ট (Juvanie Piquant) - চিফ অভ স্টাফ, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার রিটা জোসেফ (Rita Joseph)
- কেইটলিন রোজারিও-রিভেরা (Kaitlin Rosario-Rivera) - শিক্ষক, P.S. 097 ফরেস্ট পার্ক
- ডক্টর কেইট মেনকেন (Kate Menken) - লিঙ্গুইস্টিকস্ (ভাষাবিদ্যা) এবং TESOL-এর প্রফেসর, কুইন্স কলেজ (CUNY) এবং NYSABE

- কেইটি কুরজাকোভিক (Katie Kurjakovic) - ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার স্পেশালিস্ট, ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স (UFT)
- ভ্লাড লালি (Vlad Tlali) - সিনিয়র পলিসি স্ট্র্যাটেজিস্ট, নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন
- ইয়াসমিন নাজি (Yasmin Naji) - সিনিয়র ম্যানেজার অভ এডুকেশন পলিসি, নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন
- ডক্টর লরা আসেঞ্জি-মোরিনো (Dr. Laura Ascenzi-Moreno) - বাইলিঙ্গুয়াল এডুকেশন বিষয়ে প্রফেসর, ব্রুকলিন কলেজ (CUNY)
- লিলি চ্যান (Lilly Chan) - পিতামাতা/অভিভাবক, শিক্ষক, P.S. 206 Jose Celso Barbosa
- লংপিং উঅং-কু (Longping Wong-Qu), শিক্ষক, নিউটাউন হাই স্কুল
- ম্যাগি সানচেজ (Maggie Sanchez) - সিটিওয়াইড কাউন্সিল ফর স্পেশাল এডুকেশন
- মাইমোনা ডিয়ে (Maimouna Dieye) - প্রোগ্রাম ম্যানেজার, আফ্রিকান কমিউনিটিজ টুগেদার
- মারিসোল ক্যাস্টানেডা-স্যালগাডো (Marisol Castaneda-Salgado) - ইয়ুথ ওয়ার্কার, বিম সেন্টার (Beam Center)
- মেলানি ক্যাটজ্ (Melanie Katz) - প্রিন্সিপাল, ফ্র্যাঙ্কলিন ডি রুজভেল্ট হাই স্কুল
- মেলিসা স্কালা (Melissa Scala) - ডিস্ট্রিক্ট 75 ML/ELL ডিরেক্টর
- নাভিদ হাসান (Naveed Hasan) - প্যানেল ফর এডুকেশন পলিসি (PEP)-এর নির্বাচিত পিতামাতা সদস্য, নো লিমিট্স্ লার্নিং-এর (No Limits Learning) প্রতিষ্ঠাতা ডিরেক্টর, P.S. 145 The Bloomingdale School-এর পিতামাতা/অভিভাবক
- প্যলা জর্ডান (Paola Jordan) - পিতামাতা/অভিভাবক, ডিরেক্টর অভ মেট্রোপলিটান প্যারেন্ট সেন্টার, সিনার্জিয়া ইনক্ (Sinergia Inc.)
- রিটা রড্রিগেজ-এংবার্গ (Rita Rodriguez-Engberg) - ডিরেক্টর অভ ইমিগ্র্যান্ট স্টুডেন্টস্ রাইট্স্ প্রজেক্ট, অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন
- রন উ (Ron Woo) - এক্সিকিউটিভ ডিরেক্টর, নিউ ইয়র্ক স্টেট স্টেটওয়াইড ল্যাঙ্গুয়েজ রিজিওনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন রিসোর্স নেটওয়ার্ক (RBERN)
- ডক্টর রোসা রিভেরা-ম্যাককাটচেন (Dr. Rosa Rivera-McCutchen) - অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড সুপারভিশন, ইন্সট্রাকশনাল লিডারশিপ বিষয়ক প্রফেসর, হান্টার কলেজ (CUNY)
- ডক্টর সাবরিন আবেদিন (Dr. Sabrin Abedin) - ব্রংক্স ML/ELL ডিরেক্টর
- সোমিয়া এলরোমেম (Somia Elrowmeim) - প্রতিষ্ঠাতা এবং CEO, ওয়েমেন্স এমপাওয়ারমেন্ট কোয়ালিশন অভ NYC
- সোনিয়া সেনডোয়া (Sonia Sendoya) - সোশ্যাল ওয়ার্কার, মেক দ্য রোড নিউ ইয়র্ক, কমিউনিটি স্কুল ডিরেক্টর অ্যাট বুশউইক ক্যাম্পাস
- স্টিভ উইনার (Steve Weiner) - শিক্ষক, "47" দ্যা আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ অ্যান্ড ইংলিশ সেকেন্ডারি স্কুল
- তারিক খান (Tariq Khan) - পিতামাতা/অভিভাবক, P.S. 135 The Bellaire School
- ডক্টর তাতিয়ানা ক্লেইন (Dr. Tatyana Kleyn) - বাইলিঙ্গুয়াল এডুকেশন এবং TESOL বিষয়ক প্রফেসর, সিটি কলেজ অভ নিউ ইয়র্ক, CUNY-ইনিশিয়েটিভ অন ইমিগ্রেশন অ্যান্ড এডুকেশন এবং NYSABE (সাবেক প্রেসিডেন্ট)
- টেরেসা আরবোলেডা (Teresa Arboleda) - প্রেসিডেন্ট, সিটিওয়াইড কাউন্সিল ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (CCELL)
- ইয়াসমিন নাজি (Yasmin Naji) - এডুকেশন পলিসি ম্যানেজার, নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন
- NYC পাবলিক স্কুল্স শিক্ষার্থী এবং সাবেক শিক্ষার্থীবৃন্দ

**প্রজেক্ট নেতৃত্ব এবং সহায়তা**

সকল শিক্ষার্থীর জন্য অন্তর্ভুক্তিমূলক এবং অভিগম্য একটি পদ্ধতির পুনর্ভাবনা করায় তাদের নেতৃত্ব ও অ্যাডভোকেসির জন্য চ্যান্সেলর মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos) এবং ডিভিশন অভ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসিবল লার্নিং ডেপুটি চ্যান্সেলর ক্রিস্টিনা ফটি-কে (Christina Foti) ধন্যবাদ। স্বচ্ছতার প্রতি অঙ্গীকার, সংলাপে উন্মুক্ততা, এবং অ্যাডভাইজরি কাউন্সিলের জন্য শেয়ারকৃত জ্ঞান গড়ে তুলতে অবদান রাখায় ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য অফিস অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স স্টাফ এবং কেন্দ্রীয় NYCPS ওয়ার্কিং গ্রুপের সকল সদস্যকে ধন্যবাদ। পরিশেষে, অ্যানা পনস্ (Anna Pons), ডিভিশন অভ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসিবল লার্নিং স্ট্র্যাটেজিক অ্যাডভাইজার ফর মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স, এবং কলম্বিয়া ইউনিভার্সিটির সেন্টার ফর পাবলিক রিসার্চ অ্যান্ড লিডারশিপ-এ (CPRL) আমাদের অংশীদারদেরকে এই প্রজেক্টে সর্বদা পর্যবেক্ষণ এবং আমাদের অধিবেশনগুলো সহ-আয়োজনের জন্য ধন্যবাদ। আমাদের ভবিষ্যৎ কাজের জন্য একটি দৃঢ় ভিত্তি রয়েছে।